

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
শ্যামনগর, সাতক্ষীরা

www.doict.shyamnagar.satkhira.gov.bd

স্মারক নং - ০৫.১৫.৮৭৮৬.০১৮.১৫.০০৩.১৯- ২১৬৩

তারিখঃ ২১ কার্তিক ১৪২৬  
০৬ নভেম্বর ২০১৯

বিষয়ঃ উপজেলার স্ব স্ব সরকারি দপ্তর/প্রতিষ্ঠানের ওয়েবপোর্টাল হালনাগাদকরণ, ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সংযুক্ত সরকারি দপ্তরের কার্যক্রম ত্বরান্বিতকরণ, সংশ্লিষ্ট সকল দপ্তর হতে একজন করে আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারী নির্বাচনপূর্বক তথ্য প্রেরণ এবং প্রয়োজনীয় কারিগরি সহায়তা গ্রহণ প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা আইসিটি কমিটির অক্টোবর/২০১৯ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

২। সাধারণ জনগণ তথা সেবা গ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসাবে সরকারি দপ্তর/প্রতিষ্ঠানের পোর্টালের যথাযথ ব্যবহার জন-গুরুত্বপূর্ণ ও অত্যাাবশ্যক হওয়ায়, সভার সিদ্ধান্ত মোতাবেক স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠানের জরুরি খবর, বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী, সকল ধরনের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য ও সকল কর্মকর্তা-কর্মচারী/জনপ্রতিনিধির তথ্য স্ব স্ব দপ্তর পোর্টালে সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ এবং প্রয়োজনে সহকারী প্রোগ্রামারের নিকট কারিগরি সহায়তা গ্রহণ করা বা তাঁর সাথে যোগাযোগপূর্বক (ই-মেইল-[apshyamnagar@gmail.com](mailto:apshyamnagar@gmail.com)) হালনাগাদ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনাসমূহে ই-নথি বাস্তবায়নের নির্দেশনা প্রদানসহ ইলেক্ট্রনিক পদ্ধিতে পত্র গ্রহণ ও প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসন রয়েছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, জাতীয় শুদ্ধাচার কৌশল-২০১২, অভিযোগ প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা-২০১৫, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৩ জুলাই ২০১৭ তারিখে জারিকৃত ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.২০৮ সংখ্যক স্মারক পত্রে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্রগ্রহণ, পত্রজারি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এই অবস্থায় উপজেলা আইসিটি কমিটির উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সংযুক্ত দপ্তরসমূহকে (উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা সমাজসেবা অফিস) ক্রমান্বয়ে পুরোপুরি ই-নথি সিস্টেমে কম্পিউটার ও মোবাইল অ্যাপের মাধ্যমে পত্রগ্রহণ, পত্রজারিকরণ এবং সহকারী প্রোগ্রামারের নিকট প্রয়োজনীয় কারিগরি সহায়তা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৫(১)(খ) নির্দেশনা মোতাবেক সরকারি দপ্তরে সরকারি ইন্টারনেট ব্যবহারের পাশাপাশি বিকল্প ব্যান্ডউইথ/ইন্টারনেট সংযোগ গ্রহণের নির্দেশনা রয়েছে। সরকারি ইন্টারনেট সংযোগের গতি ও ধারাবাহিকতায় সীমাবদ্ধতা থাকায় নিরবিঘ্নে আইসিটি কার্যক্রম ও সেবা প্রদানে কমিটির উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক স্ব স্ব দপ্তর কর্তৃক নিজ উদ্যোগে স্থানীয় আইএসপি হতে বিকল্প ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৫। এছাড়াও উপজেলা আইসিটি কমিটির উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সরকারি দপ্তরের আইসিটি সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনয়নে কারিগরি সহায়তা গ্রহণ, কারিগরি সমস্যাবলি উপস্থাপনের সুবিধার্থে প্রত্যেক সরকারি দপ্তর হতে ০১ (এক) জন করে আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারী নির্বাচনপূর্বক তাঁর তথ্য ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে হার্ড কপি বা (ইমেইল-[apshyamnagar@gmail.com](mailto:apshyamnagar@gmail.com)) যোগে সফট কপি পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

(মোঃ কামরুজজামান)

উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইসিটি কমিটি

[unoshyamnagar14@gmail.com](mailto:unoshyamnagar14@gmail.com)

বিতরণঃ

১। উপজেলা ..... অফিসার (সকল),

স্মারক নং – ০৫.১৫.৮৭৮৬.০১৮.১৫.০০৩.১৯-

তারিখঃ ২১ কার্তিক ১৪২৬  
০৬ নভেম্বর ২০১৯

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

২। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সাতক্ষীরা।

৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সাতক্ষীরা।

(মোঃ মোস্তাফিজুর রহমান)

সহকারী প্রোগ্রামার ও সদস্য সচিব উপজেলা আইসিটি কমিটি